রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ২৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২০, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩১১—৩১৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৬৫—৯৯১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৭৭—৫৯৯ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১৬/২০২৪/কাস্টমস/১৭২**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিউটি ফ্রি প্রতিষ্ঠান মেসার্স সারবান ইন্টারন্যাশনাল (বন্ড লাইসেন্স ২৭৮/কাস-পিবিডব্লিউ/২০০৫, তারিখ: ১৯-০৭-২০০৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ (কসমেটিক ও টয়লেট্রিস সামগ্রী) |
|---|---|---|
| ১. | মেসার্স সারবান ইন্টারন্যাশনাল | ২৫, ৫৪৮.৯৩ (পঁচিশ হাজার পাঁচশত আটচল্লিশ দশমিক তিরানব্বই মার্কিন ডলার) |

নং **১৭/২০২৪/কাস্টমস/১৭৩**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিউটি ফ্রি প্রতিষ্ঠান মেসার্স সারবান ইন্টারন্যাশনাল (বন্ড লাইসেন্স ২৭৯/কাস-পিবিডব্লিউ/২০০৫, তারিখ: ১৯-০৭-২০০৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ (সিগারেট, সিগার ও টোব্যাকো সামগ্রী) |
|---|---|---|
| ১. | মেসার্স সারবান ইন্টারন্যাশনাল | ১,৬৬,৭৬৬.৬১ (এক লক্ষ ছেষট্টি হাজার সাতশত ছেষট্টি দশমিক একষট্টি মার্কিন ডলার) |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

নং **১৮/২০২৪/কাস্টমস/১৭৪** ।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিউটি ফ্রি প্রতিষ্ঠান মেসার্স সারবান ইন্টারন্যাশনাল (বন্ড লাইসেন্স ৩৩৬/কাস-পিবিডব্লিউ/২০০৭, তারিখ: ০৫-০২-২০০৭ খ্রিঃ) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ (লিকার ও অন্যান্য ড্রিংকস) |
|---|---|---|
| ১. | মেসার্স সারবান ইন্টারন্যাশনাল | ২,১০,০০০.০০ (দুই লক্ষ দশ হাজার মার্কিন ডলার) |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রিয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০২.২০-৩২**—রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নীতি-নির্দেশনা প্রণয়ন এবং ব্যবসায়িক কার্যক্রম তত্ত্বাবধান সূচারুরূপে সম্পন্নকরণে তথা ব্যাংক ব্যাবস্থাপনায় সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ও প্রমাণিত দক্ষতাসম্পন্ন ব্যক্তিবর্গের সমন্বয়ে পরিচালনা পর্ষদ গঠন এবং পরিচালনা পর্ষদকে অধিকতর কার্যকরী, দক্ষ ও পেশাভিত্তিক করার লক্ষ্যে এ সকল প্রতিষ্ঠানে চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো :

১. নীতিমালার প্রয়োগঃ রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ বা বিধিতে চেয়ারম্যান/পরিচালক নিয়োগের নির্দিষ্টকৃত বিধানের ব্যত্যয় না ঘটিয়ে এ নীতিমালা প্রয়োগযোগ্য হবে।

২. চেয়ারম্যান/পরিচালক নিয়োগে অনুসরণীয় বিষয়াবলি :

ক. পরিচালনা পর্ষদে অর্থনীতি, ব্যাংকিং, আর্থিক বাজার, মুদ্রানীতি ও আর্থিক ব্যবস্থাপনা, ঝুঁকি ব্যবস্থাপনা, কর্পোরেট সুশাসন, কোম্পানী আইন এবং পুঁজি বাজার, ব্যবসায় শিক্ষা, ব্যবসায় প্রশাসন, কৃষি, শিল্প, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে জ্ঞানসম্পন্ন এবং সরকারের বিবেচনায় অভিজ্ঞ ও প্রমাণিত দক্ষতাসম্পন্ন পেশাজীবী নিয়োগ নিশ্চিতকরণ;

খ. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের হিসাব ও নিরীক্ষা এবং আইনী বিষয়াদি দক্ষ ও সুষ্ঠভাবে নিষ্পন্নের লক্ষ্যে পর্ষদে কমপক্ষে একজন চার্টার্ড একাউন্টেন্ট (সিএ), একজন আইন বিষয়ে অভিজ্ঞ (অবসর প্রাপ্ত জেলা জজ/ ডেপুটি অ্যাটর্নি জেনারেল) এবং একজন ব্যাংকার নিয়োগকরণ;

গ. পরিচালনা পর্ষদে নিয়োগপ্রাপ্ত চেয়ারম্যান পরিচালকগণকে ব্যাংকিং আইন, বিধি-বিধান, নিয়মাচারসহ প্রাসঙ্গিক সকল বিধি-বিধান পরিপালন করতে হবে;

ঘ. উপযুক্ত যোগ্যতা থাকা সাপেক্ষে পরিচালনা পর্ষদে মোট পরিচালকদের মধ্যে এক-তৃতীয়াংশ পদে নারীকে পরিচালক হিসেবে নিয়োগের বিষয় বিবেচনা করা হবে;

ঙ. চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে নিম্নরূপ একটি বাছাই কমিটি থাকবে;

| | | |
|---|---|---|
| ১. | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৪. | উপসচিব (কেন্দ্রিয় ব্যাংক), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

চ. সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালক নির্বাচনের পূর্বে উক্ত প্রতিষ্ঠানের সার্বিক অবস্থা নিয়ে সিলেকশন কমিটি একটি বোর্ড প্রোফাইল প্রস্তুত করবে। চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির এ নীতিমালায় উল্লিখিত যোগ্যতা/উপযুক্ততা ছাড়াও প্রাসঙ্গিক অন্যান্য বিষয় উক্ত কমিটি বিবেচনায় নিতে পারবে;

ছ. ব্যাংক- কোম্পানী আইন, ১৯৯১ এবং ফাইন্যান্স কোম্পানী আইন, ২০২৩ এর কোনোরূপ ব্যত্যয় না ঘটিয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংঘ স্মারক বা সংঘ বিধি অনুযায়ী পরিচালনা পর্ষদে পরিচালক সংখ্যা নির্ধারিত হবে;

জ. আপাততঃ বলবৎ কোনো আইন/অধ্যাদেশ/আদেশ/বিধি দ্বারা ভিন্নরূপ নির্দিষ্টকৃত না থাকলে কর্মরত কোনো সচিব বা সমগ্রেডভুক্ত কোনো কর্মকর্তা চেয়ারম্যান/পরিচালক পদে নিয়োগের জন্য বিবেচিত হবেন না;

ঝ. ব্যাংক- কোম্পানী আইন, ১৯৯১ অনুযায়ী পর্ষদে প্রয়োজনীয় সংখ্যক স্বতন্ত্র পরিচালক (Independent Director) নিয়োগপ্রাপ্ত হবেন; এবং

ঞ. স্বতন্ত্র পরিচালক (Independent Director) নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুসরণীয় হবে।

**ব্যাখ্যা :** "স্বতন্ত্র পরিচালক" বলতে এরূপ ব্যক্তিকে বুঝাবে যিনি ব্যাংক- কোম্পানীর ব্যাবস্থাপনা ও শেয়ারধারক হতে স্বাধীন এবং যিনি কেবল ব্যাংক- কোম্পানীর স্বার্থে স্বীয় মতামত প্রদান করবেন এবং ব্যাংকের সাথে কিংবা ব্যাংক-সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সাথে যার অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কোনো প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নেই।

৩. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ও উপযুক্ততা** : কোনো ব্যক্তি চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হওয়ায় যোগ্য হবেন না, যদি—

ক. তিনি বাংলাদেশের নাগরিক না হন অথবা অন্য দেশের নাগরিকত্ব গ্রহণ করেন বা অন্য কোনো রাষ্ট্রের প্রতি আনুগত্য পোষণ করেন;

খ. তার ন্যূনতম ১০ (দশ) বছরের প্রশাসনিক বা ব্যবস্থাপনা বা পেশাগত অভিজ্ঞতা না থাকে;

গ. তিনি ফৌজদারি অপরাধ কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্য কোনো অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন বা থাকেন;

ঘ. তার সম্পর্কে কোনো দেওয়ানী বা ফৌজদারি মামলায় আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য থাকে;

ঙ. তিনি আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ামক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লংঘনজনিত কারণে দন্ডিত হন;

চ. তিনি নিজের বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের কারণে খেলাপী হিসেবে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)-তে তালিকাভুক্ত হন;

ছ. তার নিজের বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ কর পরিশোধের প্রমাণাদি দাখিলে ব্যর্থ হন;

জ. তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হন;

ঝ. উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে।

ঞ. তিনি অন্য কোনো উপযুক্ত কারণে সরকার কর্তৃক যোগ্য হিসেবে বিবেচিত না হন।

৪. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে বাধা-নিষেধ** : সংশ্লিষ্ট ব্যাংক- কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের সংঘ স্মারক বা সংঘ বিধিতে যা কিছুই থাকুক না কেন—

ক. কোনো ব্যক্তি কোনো ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠান বা বীমা প্রতিষ্ঠানের পরিচালক হলে একই সময়ে তিনি অন্য কোনো ব্যাংক- কোম্পানীর পরিচালক হিসেবে নিযুক্ত হতে পারবেন না;

খ. ব্যাংক-কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানে এমন কোনো চেয়ারম্যান/পরিচালক থাকবেন না, যিনি—

(অ) উক্ত ব্যাংক-কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক, বহিঃহিসাব নিরীক্ষক, আইন উপদেষ্টা, উপদেষ্টা, পরামর্শক, বেতনভুক্ত কর্মচারী বা অন্য কোনো পদের দায়িত্বে নিয়োজিত রয়েছেন কিংবা বিগত পাঁচ বছরের মধ্যে নিয়োজিত ছিলেন;

(আ) অন্য কোনো ব্যাংক-কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের উপদেষ্টা বা পরামর্শক হিসেবে রয়েছেন;

(ই) এমন কতিপয় কোম্পানীর পরিচালক যে কোম্পানীগুলো একত্রে উক্ত ব্যাংক - কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের শেয়ার-হোল্ডারদের মোট শেয়ারের বিপরীতে মোট ভোটের ২০ শতাংশের অধিক ভোট প্রদানের অধিকারী।

৫. **পরিচালক/চেয়ারম্যান নিয়োগে প্রয়োজনীয় তথ্যাবলি ও ঘোষণাপত্র** :

ক. চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্তির পূর্বে সরকারের অনুমোদন গ্রহণের জন্য গঠিত বাছাই কমিটির সুপারিশের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নোক্ত তথ্যাবলি সংযুক্ত করতে হবে :

(অ) ফরম-ক অনুযায়ী তথ্যাবলি;

(আ) ফরম-খ অনুযায়ী ঘোষণাপত্র;

(গ) ফরম-গ অনুযায়ী গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র;

(ঈ) স্বতন্ত্র পরিচালক-এর ক্ষেত্রে ফরম-ক ও ফরম-ঘ অনুযায়ী তার স্বার্থ সংশ্লিষ্টতার বিষয়ে ঘোষণাপত্র;

(উ) সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থা থেকে প্রাপ্ত মতামত;

(ঊ) শারীরিক ও মানসিক স্বাস্থ্য বিষয়ক সদন; এবং

(এ) প্রযোজ্য ক্ষেত্রে গোয়েন্দা সংস্থার প্রতিবেদন।

খ. প্রস্তাবিত চেয়ারম্যান/পরিচালক বাছাই কমিটির নিকট সংযুক্ত ফরমে এ মর্মে ঘোষণাপত্র প্রদান করবেন যে, তিনি এ প্রজ্ঞাপনের ৩ অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা অনুসারে চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হওয়ার অনুপযুক্ত নন।

গ. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক এবং বেসরকারি ব্যাংকের চেয়ারম্যান/পরিচালক নিযুক্তির ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক এর অনাপত্তি গ্রহণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।

৬. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি** :

ক. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালক পদে কোনো ব্যক্তিকে নিয়োগের পূর্বে উক্ত ব্যক্তির কোনো অযোগ্যতা রয়েছে কিনা সে বিষয়ে সরকার সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার মতামত গ্রহণ করবে এবং প্রাপ্ত মতামতের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

খ. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানে চেয়ারম্যান নিয়োগ/ পুন:নিয়োগের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর এবং পরিচালক নিয়োগ/ পুন:নিয়োগের ক্ষেত্রে অর্থমন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে।

৭. **প্রশিক্ষণ** :

"সময়ে সময়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের পর্ষদ সদস্যদের জন্য প্রশিক্ষণের ব্যবস্তা করবে"।

৮. **সরকার কর্তৃক নিযুক্ত পরিচালক/চেয়ারম্যানগণের মেয়াদ :**

ক. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক পদের মেয়াদ হবে অনধিক (০৩) তিন বৎসর। এছাড়া, কোনো পরিচালক একাদিক্রমে তিন মেয়াদের অধিক উক্ত পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না। মেয়াদ শেষ হওয়ার তারিখ হতে পরবর্তী তিন বৎসর অতিবাহিত হওয়ার পর তিনি পরিচালক পদে পুনঃনির্বাচিত হওয়ার যোগ্য হবেন।

খ. পদাধিকারবলে কিংবা কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান/পরিচালক পদে যিনি নিযুক্ত হয়েছেন সে পদ হতে বদলি, অব্যাহতি বা অবসরের সাথে সাথে সংশ্লিষ্ট ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানে তাঁর চেয়ারম্যান/ পরিচালক পদটি স্বয়ংক্রিয়ভাবে শূন্য হবে।

৯. **সরকার কর্তৃক নিযুক্ত চেয়ারম্যান/পরিচালক/স্বতন্ত্র পরিচালকদের সম্মানী প্রদান :**

সরকার কর্তৃক নিযুক্ত চেয়ারম্যান/পরিচালক/স্বতন্ত্র পরিচালকদের সম্মানী প্রদানের ক্ষেত্রে সময় সময়ে সরকার/বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণীয় হবে।

১০. ইতঃপূর্বে চেয়ারম্যান/পরিচালক নিয়োগসংক্রান্তজারীকৃত কোনো নীতিমালার সাথে এ নীতিমালা সাংঘর্ষিক হলে এ প্রজ্ঞাপনে বর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে।

১১. এ নীতিমালা জারির পূর্বে নিযুক্ত চেয়ারম্যান/পরিচালকগণ অবশিষ্ট মেয়াদে এমনভাবে দায়িত্ব পালন করবেন যেন তাঁরা এ নীতিমালার আওতায় নিযুক্ত হয়েছেন।

১২. জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদরে মুনির ফেরদৌস**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৭.১৭-৩৫**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(ক) ধারার বিধান অনুযায়ী সরকারের সাবেক সিনিয়র সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম-কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হিসেবে তাঁর যোগাদানের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদে পুনঃ নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ চৈত্র ১৪৩০/০৯ এপ্রিল ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১৯.২২-৪৯**—জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯) পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা ও সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা এর বিরুদ্ধে অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে গত ২৯-০৮-২০২০ তারিখে পুলিশ পরিদর্শক (সশস্ত্র) গোলাম মোস্তফা (বিপি-৬৭৮৫০২৮০৩৯, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব সৈয়দ আনিসুর রহমান (বিপি-৭৩০২০৫৮৩৩৬), এসআই (নিরস্ত্র)-১২০৮০ মোঃ নুর-এ-সরোয়ার রিপন (বিপি-৭৪৯৩০৭৫৪৬৭), এসআই (সশস্ত্র)-১২১২৬ আবু সাঈদ মোঃ ওবাইদুর রহমান (বিপি-৭৭৯৭০৮১১০২) এবং এসআই (সশস্ত্র)-১২৩৬০ মোঃ মানিক খান (বিপি-৮৪০৩০৯১৪৮৩)'দের সহায়তায় ০৩ (তিন) জন বহিরাগত ব্যক্তিকে অস্ত্রাগার পরিদর্শন করানো, অস্ত্রের বর্ণনা দিয়ে এবং তা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক (Facebook)- এ সরাসরি সম্প্রচারের সুযোগ করে দেয়ার অভিযোগে গত ২৭-০৬-২০২২ তারিখ পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। গত ১৮-০৯-২০২২ তারিখ তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭(১)(খ) অনুযায়ী বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি গত ১০-১০-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৭-১১-২০২২ তারিখ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭(২) অনুসারে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য গত ১৯-০১-২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তন্তকারী কর্মকর্তা বিধিমতে সাক্ষ্য, সাক্ষীদের জেরা, উপস্থাপিত ভিডিওসহ সকল দলিলপত্রাদি পর্যালোচনা ও সরেজমিনে তদন্ত অন্তে গত ২৩-০৫-২০২৩ তারিখ তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কেনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ১৩-০৬-২০২৩ তারিখ তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। গত ২০-০৭-২০২৩ তারিখ তিনি ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন।

৪। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ১ম ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্রাদি পুনরায় পর্যালোচনায় তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ খন্ডনের মতো কোনো যুক্তি তিনি উপস্থাপন করতে সক্ষম হন নি। পরবর্তীতে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় উপস্থাপিত ভিডিও (Video)- টি সিআইডির ফরেনসিক বিভাগের বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য বলা হলে গত ২৪-০৮-২০২৩ তারিখ সিআইডির ফরেনসিক বিভাগ কর্তৃক প্রেরিত প্রতিবেদনে উপস্থাপিত ভিডিও (Video)- টি Edit (এডিট) করা হয়নি অর্থাৎ (Video)- টি প্রকৃত (Genuine) মর্মে মতামত দেয়া হয়।

৫। সার্বিক পর্যালোচনায় উক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুসারে গুরুদন্ড হিসাবে তাকে 'বাধ্যতামূলকভাবে অবসর প্রদান'-এর প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর ৬নং প্রবিধি মোতবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ০৩-০১-২০২৪ তারিখ ০৫ নম্বর স্মারকের পত্রে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী গুরুদন্ড হিসাবে 'বাধ্যতামূলক অবসর প্রদান'-এর দন্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্ত চূড়ান্তকরণে পরামর্শ প্রদান করে।

৬। মহামান্য রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৬) অনুসারে জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯), পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা ও সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা- কে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ডে দণ্ডিত করতে সময় সম্মতি প্রদান করেন।

৭। এমতাবস্থায়, জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯) পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা ও সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি ১(খ) অনুসারে তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদন্ড প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান,** বিপিএএ
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ চৈত্র ১৪৩০/০৪ এপ্রিল ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৬.২৩-১৯২**—যেহেতু, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবুল হাশেম (বিপি-৮৩১১১৩৫৭২৪), বর্তমানে ময়মনসিংহ জেলায় কর্মরত ইতঃপূর্বে নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত), নান্দাইল মডেল থানা, ময়মনসিংহ জেলায় কর্মকালে নান্দাইল মডেল থানার মামলা নং-১০, তারিখ : ০৫-০৪-২০২০, ধারা- ১৪৩/৩৪১/৩২৩/৩২৪/৩২৬/ ৩০৭/৫০৬/ ১১৪/৩৪ পেনাল কোড এর তদন্তকারী কর্মকর্তা এসআই (নিঃ) মোঃ খায়রুল ইসলাম কর্তৃক দাখিলকৃত অভিযোগপত্র এর বিরুদ্ধে বাদীর নারাজী আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের আদেশক্রমে সাবেক পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ দেলোয়ার হোসেন, পিবিআই, ময়মনসিংহ মামলাটি অধিকতর তদন্ত করেন। অধিকতর তদন্ত শেষে তিনি প্রাপ্ত সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে এজাহারভুক্ত ২নং আসামি সাইফুল ইসলামকে অন্তর্ভুক্ত করে উক্ত মামলার সম্পূরক অভিযোগপত্র দাখিল করেন। এতে প্রমাণিত হয় যে, অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবুল হাশেম (বিপি-৮৩১১১৩৫৭২৪) কর্তৃক নান্দাইল মডেল থানার মামলা নং-১০, তারিখ : ০৫-০৪-২০২০, ধারা- ১৪৩/৩৪১/৩২৩/৩২৪/৩২৬/ ৩০৭/৫০৬/১১৪/৩৪ পেনাল কোড এর তদন্ত তদারকি করা হলেও তা সুষ্ঠু ও যথাযথভাবে করা হয়নি। উপরন্তু, তদন্তকারী কর্মকর্তা এসআই (নিঃ) মোঃ খায়রুল ইসলাম কর্তৃক অভিযোগপত্র দাখিল করাকালীন অভিযুক্ত জনাব মোঃ আবুল হাশেম, নান্দাইল মডেল থানার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত) হিসেবে অগ্রগামী স্বাক্ষর না করে যদি তদন্তের ত্রুটি বিচ্যুতি নিরুপণপূর্বক তদন্তকারী কর্মকর্তাকে সঠিক দিক নির্দেশনা প্রদান করতেন, তাহলে এজাহারভুক্ত ২নং আসামি সাইফুল ইসলামকে বাদ দিয়ে অভিযোগপত্র দাখিল করার অবকাশ ছিল না। এক্ষেত্রে অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবুল হাশেম (বিপি-৮৩১১১৩৫৭২৪) এর বিরুদ্ধে আনীত কর্তব্যে অবহেলা সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ১৮-০৯-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দন্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবুল হাশেম (বিপি-৮৩১১১৩৫৭২৪), বর্তমানে ময়মনসিংহ জেলায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে পুলিশ অধিদপ্তর কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক "০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদন্ড বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান,** বিপিএএ
সিনিয়র সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ চৈত্র ১৪৩০/২৫ মার্চ ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩২.২৩-১৮৪**—"স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী সাতক্ষীরা জেলার শ্যামনগর পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা-কে প্রশাসক নিয়োগ করিল।

২। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকান্ড পালন করিবেন।

৩। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ১২৯-এর আলোকে মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে নতুন প্রশাসক নিয়োগের পূর্ব পর্যন্ত পূর্ববর্তী প্রশাসকের সম্পাদিত কার্যক্রম ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩২.২৩-১৮৫**—"স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ-কে প্রশাসক নিয়োগ করিল।

২। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকান্ড পালন করিবেন।

৩। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ১২৯-এর আলোকে মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে নতুন প্রশাসক নিয়োগের পূর্ব পর্যন্ত পূর্ববর্তী প্রশাসকের সম্পাদিত কার্যক্রম ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩২.২৩-১৮৬**—"স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী নরসিংদী জেলার শিবপুর পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর, নরসিংদী-কে প্রশাসক নিয়োগ করিল।

২। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকান্ড পালন করিবেন।

৩। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ১২৯-এর আলোকে মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে নতুন প্রশাসক নিয়োগের পূর্ব পর্যন্ত পূর্ববর্তী প্রশাসকের সম্পাদিত কার্যক্রম ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩২.২৩-১৮৭**—"স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁও, নারায়ণগঞ্জ-কে প্রশাসক নিয়োগ করিল।

২। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকান্ড পালন করিবেন।

৩। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ১২৯-এর আলোকে মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে নতুন প্রশাসক নিয়োগের পূর্ব পর্যন্ত পূর্ববর্তী প্রশাসকের সম্পাদিত কার্যক্রম ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. সালমা সিদ্দিকা**
উপসচিব।

---

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ চৈত্র ১৪৩০/০৯ এপ্রিল ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯.৪৪৪**—নীলফামারী, ঠাকুরগাঁও, মাদারীপুর ও মানিকগঞ্জ জেলা পরিষদের নিম্নবর্ণিত সদস্যগণ স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে :

| ক্রম | সদস্যের, নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র গৃহীত হওয়ার তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ফেরদৌস পারভেজ, সদস্য, ওয়ার্ড নং-০১, জেলা পরিষদ, নীলফামারী | ০৩ এপ্রিল ২০২৪ |
| ২. | জনাব মোঃ সফিকুল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-২, জেলা পরিষদ, ঠাকুরগাঁও | ২৮ মার্চ ২০২৪ |
| ৩. | মিজ্ আয়শা সিদ্দিকা, সংরক্ষিত মহিলা সদস্য, ওয়ার্ড নং-০২, জেলা পরিষদ, মাদারীপুর | ০১ এপ্রিল ২০২৪ |
| ৪. | জনাব মাহাবুবুর রহমান (জনি), সদস্য, ওয়ার্ড নং-০২, জেলা পরিষদ, মানিকগঞ্জ | ০৩ এপ্রিল ২০২৪ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদসমূহের সদস্যগণ স্ব স্ব পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ (২০২২ সাল পর্যন্ত সংশোধিত) এর ৯(১), ৯(২), ১১(১) ও ১১(২) ধারা অনুসারে উক্ত সদস্যগণের পদত্যাগপত্র গৃহীত হওয়ার তারিখ হতে পদসমূহ শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**প্রত্যয় হাসান**
সিনিয়র সহকারী সচিব।

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**টিএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ এপ্রিল ২০২৪ খ্রি.

নং **১৮.০০.০০০০.০১৯.১৮.০০৮.১৯-৭৫**—জ্বালানি তেলের (ডিজেল) মূল্য প্রতি লিটারে ২.৭৫% হ্রাস করায় ভাড়া সমন্বয় করার নিমিত্ত বিআইডব্লিউটিএ'র প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (নৌরুট, পারমিট, সময়সূচি ও ভাড়া নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ২৭ মোতাবেক সরকার কর্তৃক নৌযানে যাত্রী পরিবহণের জন্য কিলোমিটার প্রতি সর্বোচ্চ ও সর্বনিম্ন যাত্রীভাড়া নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

(ক) প্রথম ১০০ কিলোমিটার দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি যাত্রীভাড়া ২.৭৫% হ্রাস করে অর্থাৎ ২.৮৫ টাকা হতে ০.০৮ টাকা হ্রাস করে ২.৭৭/- টাকা হারে নির্ধারণ;

(খ) প্রথম ১০০ কিলোমিটারের অধিক দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি যাত্রীভাড়া ২.৭৫% হ্রাস করে অর্থাৎ ২.৪৫ টাকা হতে ০.০৭ টাকা হ্রাস করে ২.৩৮/- টাকা হারে নির্ধারণ;

(গ) জনপ্রতি সর্বনিম্ন যাত্রীভাড়া ২.৭৫% কম করে অর্থাৎ ৩০.০০ টাকা হতে ০.৮৩ টাকা হ্রাস করে ২৯.১৭ টাকা নির্ধারণ করা হলে ভাড়া আদায়ের ক্ষেত্রে সে রকম প্রভাব পড়বেনা বরং জটিলতা আরো বৃদ্ধি পাওয়ার আশংকা রয়েছে বিধায় পূর্ব নির্ধারিত ২৯.০০ টাকা নির্ধারণ।

২। জনস্বার্থে পুনঃ নির্ধারিত এ ভাড়া ০৪-০৪-২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: রফিকুল ইসলাম**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ বৈশাখ ১৪৩১/২৫ এপ্রিল ২০২৪

নং **৪৫.১৬২.১০৫.০০.০০.০২৯.২০১৮-৬৫**—THE BANGLADESH RED CRESCENT SOCIETY ORDER, 1973 (PRESIDENT'S ORDER NO. 26 OF 1973) এর আর্টিকেল ১০(১) এর প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির প্রেসিডেন্ট কর্তৃক এতদ্বারা অধ্যাপক ডাঃ মোঃ উবায়দুল কবীর চৌধুরী-কে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হিসেবে আগামী ২৮-০৪-২০২৪ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**স্নেহাশীষ দাশ**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১/২৮ মে ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৯৫.২০.০২০.২০-১৫০**—০৭ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ পুলিশের সদস্যগণ আইন-শৃংখলা রক্ষার্থে দায়িত্ব পালন করায় তাদেরকে "জাতীয় সংসদ নির্বাচন জানুয়ারি, ২০২৪" নামে একটি করে পদক ও রিবন প্রদান করা হলো। পদকের ও রিবনের বিবরণী ও প্রাপ্তির যোগ্যতা নিম্নরূপ :

(১) পদকের নাম: "জাতীয় সংসদ নির্বাচন জানুয়ারি, ২০২৪"।

(২) প্রাপ্তির যোগ্যতা : ০৭ জানুয়ারি ২০২৪ সালে যে সকল পুলিশ সদস্য নির্বাচন কাজে তালিকাভুক্ত ছিলেন।

(৩) "জাতীয় সংসদ নির্বাচন জানুয়ারি, ২০২৪" পদকের গঠন :

(ক) ইহা সাদা সংকর ধাতু দ্বারা তৈরি করা হবে।

(খ) ইহার আকৃতি ষড়ভুজ হবে এবং দুই বিপরীত কোণ্ মধ্যবর্তী ৩৫ মিঃ মিঃ হবে।

(গ) ইহার সম্মুখভাগে একটি বর্গাকৃতি ব্যালট বাক্সের ছিদ্রে ভাঁজ করা ব্যালট পেপার অর্ধাংশ উৎকীর্ণ থাকবে।

(ঘ) ইহার সম্মুখভাগে জাতীয় সংসদ নির্বাচন এবং নিম্নাংশে জানুয়ারি, ২০২৪ উৎকীর্ণ থাকবে।

(ঙ) পশ্চাৎদিক মধ্যভাগে সংসদ ভবন এবং উপরে বাংলাদেশ উৎকীর্ণ থাকবে।

(৪) "জাতীয় সংসদ নির্বাচন জানুয়ারি, ২০২৪" পদকের রিবন: রিবনের প্রস্থ ৩০ মিঃ মিঃ হবে। রিবনের মধ্যভাগ সাদা, উহার উভয় পার্শ্বে Ice Green (Panton Code : 13-5414 TPG) এবং দুই পাশে অর্থাৎ Ice Green (Panton Code : 13-5414 TPG) এর উভয় পাশে গাঢ় লাল রং হবে। প্রত্যেক রং এর প্রস্থ সমান অর্থাৎ ৬ মিঃমিঃ করে হবে।

(৫) পদকের ক্রমিক মান ও পরিধান পদ্ধতি: এই পদক সংবিধান পদক এর কনিষ্ঠ হবে এবং পোশাকে সংবিধান পদক এর পরবর্তী কনিষ্ঠ স্থানে পরিধান করা হবে। ইহার রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

(৬) পুলিশ সদস্যগণ নিজ নিজ পদক সংগ্রহ করবেন।

(৭) এতে সরকারি আর্থিক সংশ্লেষ থাকবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজাম মুনিরা**
উপসচিব।